

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইক্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৩৯.১৮-১৮

তারিখ: ০৫.০৬.২০১৮ খ্রি.

বিষয়: সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন আগরদাঁড়ী আমিনিয়া কামিল মাদরাসার মে/২০১৪ খ্রি: মাস থেকে ফেব্রুয়ারী/২০১৫ খ্রি: মাস পর্যন্ত এবং ঈদুল ফিতর ও ঈদুল আযহা/২০১৭ এর বোনাস ও বকেয়া বেতন-ভাতা (এমপিও) সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) আগরদাঁড়ী আমিনিয়া কামিল মাদরাসার স্মারক নং- আ.আ.কা.মা. ১৩/১৭

তারিখ: ২৩.০৫.২০১৭ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন আগরদাঁড়ী আমিনিয়া কামিল মাদরাসার অধ্যক্ষ জনাব মো: আব্দুস সালাম মে/২০১৪ খ্রি: মাস থেকে ফেব্রুয়ারী/২০১৫ খ্রি: মাস পর্যন্ত এবং ঈদুল ফিতর ও ঈদুল আযহা/২০১৭ এর বোনাস ও বকেয়া বেতন ভাতার এমপিও) সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্বারক নং শিম/ শাং ১৩/অভিপর/৩-৬/২০০৯/৪৭ তারিখ: ০৫.০৩.২০১৪ খ্রি: ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্বারক নং ০১ জি-২৯৬ বি:/১১ (অংশ-০১)/৪০৩১/০৭ তারিখ: ০৫.০৫.২০১৪ খ্রি: সূত্রের মাধ্যমে উপ-পরিচালক মো: আবুল হোসেন ও সহকারী পরিচালক মোহাম্মদ নাসির হোসেন এর যৌথ স্বাক্ষরিত এক পত্রের মাধ্যমে মাদরাসার চলমান এম.পি.ও স্থগিত করা হয়। উক্ত পত্র পাওয়ার পর মাদরাসার অধ্যক্ষ ০১.০৬.২০১৪ খ্রি: তারিখে মহামান্য হাইকোর্টে উক্ত আদেশের বিরুদ্ধে রীট পিটিশন দায়ের করেন। রীট পিটিশন নং-৫৩১০/১৪। মহামান্য হাইকোর্টের রীটের প্রেক্ষিতে ১২.০৬.২০১৪ খ্রি: তারিখে এক অন্তর্বর্তীকালীন আদেশের ভিত্তিতে এমপিও স্থগিতের আদেশ সম্বলিত পত্রকে স্থগিত করে এমপিও চলমান করার নির্দেশ প্রদান করেন।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(২) অনুচ্ছেদে উল্লেখ আছে “স্থগিতকৃত করা বেতন-ভাতাদির সরকারি অংশের কোন বকেয়া প্রদান করা হবে না।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(২) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(২) অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৫.০৬.১৮

(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইল: adfinance.dme@gmail.com

অধ্যক্ষ

আগরদাঁড়ী আমিনিয়া কামিল মাদরাসা
সদর, সাতক্ষীরা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরা।
- ৫। সভাপতি, আগরদাঁড়ী আমিনিয়া কামিল মাদরাসা ডাক: আগরদাঁড়ী মাদরাসা, থানা ও জেলা: সাতক্ষীরা।
- ৬। অফিস কপি।